# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১৫৫

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ১৮. পান করার ক্ষেত্রে সুন্নাত কী?

بَاب فِي سُنَّةِ الشَّرَابِ كَيْفَ هِيَ

### আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنَا الزُّهْرِيُّ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَرِبَ لَبَنًا وَعَنْ يَسَارِهِ أَبُو بَكْرٍ وَعَنْ يَمِينِهِ رَجُلٌ أَعْرَابِيٌّ فَأَعْطَى الْأَعْرَابِيَّ فَضْلَهُ ثُمَّ قَالَ الْأَيْمَنَ فَالْأَيْمَنَ

### বাংলা

২১৫৫. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দুধ পান করতে দেখেন। তখন তাঁর বাম দিকে ছিলেন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু এবং ডান দিকে জনৈক মরুবাসী বেদুঈন বসা ছিল। তিনি (দুধ পান) করে বাকী দুধ উক্ত বেদুঈনকে দিয়ে বলেনঃ “ডান দিক, ডান দিকে দাও।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, মুসাকাহ ২৩৫২; মুসলিম, আশরিবাহ ২০২৯;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩৫৫২,৩৫৫৩, ৩৫৫৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৩৩৩, ৫৩৩৪, ৫৩৩৬ এবং মুসনাদুল হুমাইদী নং ১২১৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82438

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন